কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ফরিদগঞ্জ, চাঁদপুর

**জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর "নৈতিকতা কমিটি/ জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট" কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | জনাব কল্লোল কিশোর সরকার<br>উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর |
| সভার তারিখ | ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | সভা কক্ষ, উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর |
| উপস্থিত | অত্র দপ্তরের সকল কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |

উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর ও সভাপতি, জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট, অত্র দপ্তর জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর "নৈতিকতা কমিটি/ জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট" এর সভায় অংশগ্রহণকারী সকল উপস্থিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/ কর্মচারীর বিস্তারিত আলোচনা ও আলোচনাক্রমে সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

| আলোচকবৃন্দ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর | উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর ও সভাপতি জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট, আলোচনা করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে নৈতিকতা কমিটি কর্তৃক অর্থ বছরে প্রতি ত্রৈমাসিক একটি করে বছরে মোট চারটি নৈতিকতা কমিটির সভা আয়োজন করার কথা রয়েছে। সেই মোতাবেক পর্যায়ক্রমে অত্র দপ্তরের দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ওয়েব সাইটে আপলোডসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। প্রথম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তগুলো শতভাগ বাস্তবায়ন হয়েছে বলে দপ্তরের সকল কর্মকর্তা/ কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া সকলের ওপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। নির্ধারিত সময়ের মধ্যে প্রতি ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভার কার্যবিবরণীর উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণসহ অত্র দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিস, ফরিদগঞ্জ, চাঁদপুর |
| জনাব মোঃ আমির হোসেন, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর | জনাব মোঃ আমির হোসেন, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর সভায় উপস্থিত সকলকে শুদ্ধাচার পুরস্কার সম্পর্কে ধারণা দিয়ে তার বক্তব্য শুরু করেন। অফিসে আগত সেবা গ্রহীতারা যাতে সঠিকভাবে সেবা গ্রহণ করতে পারেন সেজন্য সেবা প্রদান রেজিস্টার চালুসহ রেজিস্টারে লিপিবদ্ধকরণের মাধ্যমে দ্রুততার সহিত সেবা প্রদানের কথা বলেন। | ১। সেবা প্রদান রেজিস্টার চালুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | এইও/ এসএপিপিও |
| জনাব মোঃ ইলিয়াস হোসেন, উপসহকারী কৃষি কর্মকর্তা, অত্র দপ্তর | জনাব মোঃ ইলিয়াস হোসেন, উপসহকারী কৃষি কর্মকর্তা, অত্র দপ্তর বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল হলো দুর্নীতি ঠেকাতে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সততা নিশ্চিতকরণে সরকার প্রণীত একটি সুশাসন কৌশল। তিনি অত্র দপ্তরের সকলকে দুর্নীতিমুক্ত ভাবে যথাসময়ে নাগরিক সেবা প্রদানের জন্য আহব্বান জানান এবং দুর্নীতিমুক্ত কর্মপরিবেশ তৈরিতে দপ্তরের সকলকে সম্মিলিতভাবে কাজ করার কথা বলেন। | ১। দুর্নীতিমুক্ত কর্মপরিবেশ তৈরিতে সকলের একত্রে কাজ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিস, ফরিদগঞ্জ, চাঁদপুর |

| | | | |
|---|---|---|---|
| জনাব মোঃ হানিফ পাটোয়ারী, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, অত্র দপ্তর | জনাব মোঃ হানিফ পাটোয়ারী, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, অত্র দপ্তর বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতারা যাতে হয়রানি শিকার না হয় সেদিকে সকলকে লক্ষ্য রাখার কথা বলেন। এছাড়াও তিনি শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে হিসেবে সেবা গ্রহীতাদের পরামর্শ/ অভিযোগ প্রাপ্তির ক্ষেত্র হিসেবে অত্র দপ্তরে ১টি পরামর্শ/ অভিযোগ বক্স স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করেন। | ১। পরামর্শ/ অভিযোগ বক্স স্থপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিস, ফরিদগঞ্জ, চাঁদপুর |
| জনাব মোঃ ফাহিম হাসান, কৃষি সম্প্রসারণ অফিসার, অত্র দপ্তর (ফোকাল পার্সন) | জনাব মোঃ ফাহিম হাসান, কৃষি সম্প্রসারণ অফিসার ও সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট, অত্র দপ্তর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে প্রতিটি দপ্তরে নৈতিকতা চর্চার ক্ষেত্রে অন্তরায় দূরীকরণে সময়বদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের কথা উল্লেখ করেন। তিনি শুদ্ধাচার চর্চার অংশ হিসেবে উপসহকারী কৃষি কর্মকর্তাদের সময়মতো মাঠে উপস্থিত থেকে কৃষকদেরকে চাহিদামাফিক কৃষি বিষয়ক পরামর্শ প্রদান ও কৃষক পরামর্শ রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। উপসহকারী কৃষি কর্মকর্তাদের সময়মতো মাঠে উপস্থিত থেকে কৃষকদেরকে চাহিদামাফিক কৃষি বিষয়ক পরামর্শ প্রদান ও কৃষক পরামর্শ রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কার্যবিবরণী তৈরি করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণসহ অত্র দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভার সভাপতি সমাপ্তি ঘোষণা করেন।

১৯/১০/২৩

(কল্লোল কিশোর সরকার)
উপজেলা কৃষি অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর

স্মারক নং: ১২.১৮.১৩৪৫.০৩৯.৯৯.০৮৪.২৩.৫১৬ তারিখ: ১৯/১০/২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর
৩। কর্মকর্তা/ কর্মচারী (সকল), অত্র দপ্তর
৪। অফিস নথি

১৯/১০/২৩
উপজেলা কৃষি অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর